**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
www.supremecourt.gov.bd

সার্কুলার নং- ০১/২০১৮ এ, তারিখঃ ০৮ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ / ২০ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ আদালতের বিচারিক কর্মঘন্টার দ্বিতীয় ভাগে (দুপুর ২:০০ ঘটিকা হতে বিকাল ৪:৩০ ঘটিকা) বিবিধ মামলা শুনানী গ্রহণ এবং প্রতিমাসের প্রথম সপ্তাহে প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত।**

দেশের অধস্তন আদালতসমূহে বর্তমানে আটাশ লক্ষের অধিক মামলা বিচারাধীন এবং ক্রমান্বয়ে এই মামলার জট বৃদ্ধি পাচ্ছে। সম্ভাব্য স্বল্পতম সময়ের মধ্যে ন্যায়বিচার প্রাপ্তি বিচারপ্রার্থী জনগণের অধিকার। বিচারপ্রার্থী জনগণের ন্যায়বিচার লাভের উক্তরুপ অধিকার সহজলভ্য করা এবং বিচারাধীন মামলাসমূহ দ্রুততার সাথে নিষ্পত্তির মাধ্যমে আদালতসমূহের মামলা জট হ্রাস করার নিমিত্ত সকল জেলা ও দায়রা জজ আদালত, মহানগর দায়রা জজ আদালত, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, বিভাগীয় বিশেষ জজ আদালত ও সমপর্যায়ের আদালত/ট্রাইব্যুনাল এবং প্রযোজ্য ক্ষেত্রে উক্ত আদালতসমূহের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন আদালতসমূহের বিচারকগণকে আদালতের বিচারিক কর্মঘন্টার দ্বিতীয় ভাগে (দুপুর ২:০০ ঘটিকা হতে বিকাল ৪:৩০ ঘটিকা) বিবিধ মামলাসমূহ শুনানীর জন্য গ্রহণসহ কতিপয় নির্দেশনা সম্বলিত অত্র কোর্টের সার্কুলার নম্বর-০৬/২০১৫-এ, তারিখ-০৪/০৫/২০১৫ খ্রি. বহাল থাকা সত্ত্বেও সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, অধিকাংশ জেলায় আদালতের বিচারিক কর্মঘন্টার দ্বিতীয় ভাগের (দুপুর ২:০০ ঘটিকা হতে বিকাল ৪:৩০ ঘটিকা) পূর্ণ ব্যবহার হচ্ছে না, যা আদৌ কাম্য নয়।

০২। এমতাবস্থায়, আদালতের বিচারিক কর্মঘন্টার দ্বিতীয় ভাগে (দুপুর ২:০০ ঘটিকা হতে বিকাল ৪:৩০ ঘটিকা) অর্ন্তবর্তীকালীন বিষয়, জামিন সংক্রান্ত বিবিধ মামলা, অস্থায়ী নিষেধাজ্ঞা, তত্ত্বাবধায়ক নিয়োগ, রায়ের পূর্বে ক্রোকের দরখাস্ত ইত্যাদি শুনানীর জন্য গ্রহণ করার জন্য সকলকে নির্দেশ প্রদান করা হলো।

০৩। এ সার্কুলারে বর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালন করা হচ্ছে কি না তা' অত্র কোর্টের জি,এ কমিটি কর্তৃক তদারকির নিমিত্ত প্রতিমাসের প্রথম সপ্তাহে আবশ্যিকভাবে এতদ্‌সংক্রান্ত প্রতিবেদন অত্র কোর্টে প্রেরণের নির্দেশ প্রদান করা হলো।

০৪। এ সার্কুলার ইতোপূর্বে অত্র কোর্ট হতে জারীকৃত সার্কুলারসমূহের পরিপূরক হিসেবে গণ্য হবে। তবে পূর্বে জারীকৃত সার্কুলারের কোনো বিষয়ের সাথে এ সার্কুলারের কোনো নির্দেশাবলী অসামঞ্জস্যপূর্ণ হলে এ সার্কুলারের বিধানাবলী প্রযোজ্য হবে।

মাননীয় প্রধান বিচারপতির আদেশক্রমে

**স্বাঃ/-**

**(ড. মোঃ জাকির হোসেন)**
ভারপ্রাপ্ত রেজিস্ট্রার জেনারেল
ফোনঃ ৯৫৬২৭৮৫
ই-মেইলঃ rg @supremecourt.gov.bd

**কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-**

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,------------------------------------------------------------ ----- (সকল)।

৩। মহানগর দায়রা জজ, ---------------------------------------------------------------------------- (সকল)।
৪। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, ------------------------------------------(সকল)।
৫। বিচারক(জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমনট্রাইব্যুনাল, ----------------------------------- (সকল)।
৬। বিচারক(জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমনট্রাইব্যুনাল,------- -------------------- (সকল)।
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচারট্রাইব্যুনাল,--------- ----------------- ----------------- (সকল)।
৮। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেটট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিকট্রাইব্যুনাল,----- -------------------------------- (সকল)।
১০। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১১। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, -------------------------------------------------- (সকল)।
১২। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত ------------------------------------------(সকল)।
১৩। বিচারক( জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
১৪। সদস্য (জেলা জজ), কাস্টমস্ এক্সসাইজ ও ভ্যাট আপীলাতট্রাইব্যুনাল,------------------------ (সকল)।
১৫। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য়, কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা।
১৬। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা।
১৭। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
১৮। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
১৯। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,--------------------------------------------------------(সকল)।
২০। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,------------------------------------------------------(সকল)।
২১। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২২। গবেষণা ও তথ্য কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা [সংরক্ষনের জন্য]।
২৩। রেজিস্ট্রার জেনারেলের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২৪। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২৫। সভাপতি, জেলা আইনজীবী সমিতি,----------------------------------------------------(সকল)।

Aktaruzzaman
20.02.18

**(মোহাম্মদ আক্তারুজ্জামান ভূঁইয়া)**
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
ফোনঃ ৯৫৬৬৮২৬ (অফিস)
ই-মেইলঃ aktar.dr@supremecourt.gov.bd